



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইন্সটন গার্ডেন রোড, ইন্সটন, ঢাকা-১০০০



“মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ”

ঋণ ও অগ্রিম বিভাগ

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.০২.০০৫.১৮- ০২


তারিখঃ ০৩/০১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ কোম্পানীগঞ্জ, নবাবগঞ্জ, ছাগলনাইয়া, সিরাজদীখান, কাপাসিয়া, ভালুকা শাখার অধিক্ষেত্র নির্ধারণসহ নোয়াখালী, দোহার, ফেনী, মুন্সিগঞ্জ, গাজীপুর ও ময়মনসিংহ শাখার অধিক্ষেত্র পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রবাসী কল্যাণ ব্যাংকের কোম্পানীগঞ্জ, নবাবগঞ্জ, ছাগলনাইয়া, সিরাজদীখান, কাপাসিয়া শাখা সমূহ ডিসেম্বর, ২০২০ মাসের বিভিন্ন তারিখে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় শুব উদ্বোধন করেছেন। এর মধ্যে ভালুকা শাখাটি ৩১.১২.২০২০ তারিখ শুব উদ্বোধন হবে। উপরোক্ত শাখার উদ্বোধনের পূর্বে নোয়াখালী, দোহার, ফেনী, মুন্সিগঞ্জ, গাজীপুর ও ময়মনসিংহ শাখা সমূহ নিম্নবর্ণিত অধিক্ষেত্র অনুযায়ী ঋণ প্রদান করে আসছিল। নতুন ৬টি শাখার মাধ্যমে বিদ্যমান শাখা সমূহের অধিক্ষেত্র পুনঃনির্ধারণ করা হলে শাখা সমূহের ঋণ বিতরণ ও ঋণ আদায়সহ আনুসঙ্গিক কার্যক্রম সহজতর হবে এবং নিম্নোক্তভাবে উক্ত শাখা সমূহের অধিক্ষেত্র নির্ধারণ করা হলঃ

শাখার নাম	অধিক্ষেত্র
নোয়াখালী শাখা	সদর, বেগমগঞ্জ, সেনবাগ, সোনাইমুড়ি, চাটখিল উপজেলার সমগ্র এলাকা।
কোম্পানীগঞ্জ শাখা	কোম্পানীগঞ্জ, সুবর্ণচর, হাতিয়া, কবিরহাট উপজেলার সমগ্র এলাকা।
দোহার শাখা	দোহার উপজেলার সমগ্র এলাকা।
নবাবগঞ্জ শাখা	নবাবগঞ্জ উপজেলার সমগ্র এলাকা।
ফেনী শাখা	ফেনী সদর, সোনাগাজী, দাগনভূঞা, চৌদ্দগ্রাম (কুমিল্লা) উপজেলার সমগ্র এলাকা।
ছাগলনাইয়া শাখা	ছাগলনাইয়া, ফুলগাজী, পরশুরাম উপজেলার সমগ্র এলাকা।
মুন্সিগঞ্জ শাখা	সদর ও গজারিয়া উপজেলার সমগ্র এলাকা।
সিরাজদীখান শাখা	সিরাজদীখান ও টঞ্জীবাড়ী উপজেলার সমগ্র এলাকা।
গাজীপুর শাখা	গাজীপুর সদর, কালিয়াকৈর, কালীগঞ্জ উপজেলার সমগ্র এলাকা।
কাপাসিয়া শাখা	কাপাসিয়া ও শ্রীপুর উপজেলার সমগ্র এলাকা।
ময়মনসিংহ শাখা	ময়মনসিংহ সদর, ফুলবাড়ীয়া, ধোবাউরা, ফুলপুর, হালুয়াঘাট, গৌরীপুর, তারাকান্দা উপজেলার সমগ্র এলাকা।
ভালুকা শাখা	ভালুকা, মুন্সিগঞ্জ, ত্রিশাল, গফরগাঁও, ঈশ্বরগঞ্জ, নান্দাইল উপজেলার সমগ্র এলাকা।

এমতাবস্থায়, বর্ণিত অধিক্ষেত্র অনুযায়ী শাখার সার্বিক কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হলো।


(মোহাম্মদ মাসুদুর রহমান)
বিভাগীয় প্রধান

ব্যবস্থাপক

নোয়াখালী, কোম্পানীগঞ্জ, দোহার, নবাবগঞ্জ, ফেনী,
ছাগলনাইয়া, মুন্সিগঞ্জ, সিরাজদীখান, গাজীপুর, কাপাসিয়া,
ময়মনসিংহ, এবং ভালুকা শাখা
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ

- ০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় প্রধান (সিস্টেম, আইটি বিভাগ), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অফিস কপি।